ভোরের কাগজ

APR. 17 2002

তারিখ ...............
পৃষ্ঠা ২ কলাম ৩

# বগুড়ায় কলেজ নির্বাচনে ছাত্রলীগ নেতাদের মনোনয়ন পত্র কিনতে দেওয়া হয়নি

বগুড়া প্রতিনিধি : আগামী ৩০ এপ্রিল অনুষ্ঠেয় বগুড়া সরকারি শাহ সুলতান কলেজ ছাত্র-সংসদ নির্বাচনের মনোনয়নপত্র ছাত্রলীগকে কিনতে দেয়নি পুলিশ ও ছাত্রদলের ক্যাডাররা। মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিনে গত সোমবার সকালে ছাত্রদলের ক্যাডাররা ছাত্রলীগ নেতাদের ওপর হামলা চালায়। এ সময় কর্তব্যরত পুলিশ এ ব্যাপারে তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা না নিয়ে উল্টো ছাত্রলীগের নেতাদেরকেই মারপিট করে ক্যাম্পসে থেকে বের করে দিয়েছে।

প্রত্যক্ষদর্শী সাধারণ ছাত্ররা জানায়, সকাল ৯টায় ছাত্রলীগের কয়েকজন নেতা মনোনয়নপত্র সংগ্রহের জন্য ক্যাম্পাসে গেলে ছাত্রদলের ক্যাডারা প্রথমে তাদেরকে বাধা দেয়। এই বাধা উপেক্ষা করে মনোনয়নপত্র সংগ্রহের চেষ্টা করলে পুলিশের সহযোগিতায় ছাত্রদল ক্যাডাররা তাদের ওপর হামলা চালিয়ে মারপিট করে।

সোমবার বিকেলে এই ঘটনার প্রতিবাদে বগুড়া প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে ছাত্রলীগ নেতৃবৃন্দ অভিযোগ করেন, ছাত্রদল ক্যাডাররা পুলিশকে ডেকে এনে তাদের সংগৃহীত মনোনয়নপত্র ছিনিয়ে নেয় এবং সদর থানার এসআই সামছুলের নেতৃত্বে কতিপয় পুলিশ তাদের মারপিট করে ক্যাম্পাস থেকে বের করে দেয়।

সংবাদ সম্মেলনে বলা হয়, নির্বাচনে নিশ্চিত ভরাডুবি জেনে ছাত্রদলের সন্ত্রাসীরা এই হামলা করে নির্বাচন থেকে তাদেরকে সরে দাঁড়াতে বাধ্য করেছে। তারা একতরফা এই নির্বাচন বন্ধের দাবি জানান।

উল্লেখ্য, এই কলেজের ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রলীগ ১৯৯৪ সাল থেকে একক ও নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে এসেছে।